

বাড্ডায় ছাত্রলীগ কর্মীদের উপর শুলী ॥ তেজগাঁও কলেজের জিএস নিহত ॥ ৬ জন শুলীবিক্ষ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল রবিবার রাতে বাড্ডা থানা হাঙ্গামা পুলিশ রোডের কমিউনিটি সেন্টারের সামনে সশস্ত্র যুবকদের ওপীর্ষণে তেজগাঁও কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও সংসদের জিএস সিদ্ধার্থ সরকার (২৫) নিহত এবং ছাত্রলীগের ৬ জন কর্মী শুলীবিক্ষ হয়েছে। গতকাল বিকেলে উক্ত কমিউনিটি সেন্টারে বাড্ডা থানা ছাত্রলীগের কর্মী সম্মেলন ছিল। এ সম্মেলনে প্রধান অতিথি সাবেক স্পীকার ও আওয়ামী লীগ নেতা বন্দুকার আব্দুল হামিদ এবং আওয়ামী লীগের অন্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। সন্ধ্যা সাড়ে ৭টায় সম্মেলন শেষ হয়। আনুষ্ঠানিক কাজ শেষে আওয়ামী লীগ নেতৃবৃন্দ রাত ৮টায় সম্মেলন স্থান ত্যাগ করেন। এরপর ছাত্রলীগ নেতা-কর্মীরা সম্মেলন স্থান ত্যাগ করতে শুরু করেন। ঐ সময় একটি মাইক্রোবাসযোগে একদল সশস্ত্র যুবক ছাত্রলীগ কর্মীদের উপর বৃষ্টির মত ওপীর্ষণ শুরু করে। যুবকরা মাইক্রোবাসযোগে ওপীর্ষণ করতে করতে পারিয়ে যায়। ঘটনাস্থলে ছাত্রলীগের ৭ জন নেতা-কর্মী শুলীবিক্ষ হয়ে মর্মান্তিক মৃত্যু পড়ে। তাদের মধ্যে তেজগাঁও কলেজ ছাত্র সংসদের জিএস সিদ্ধার্থ সরকার ও তিতুমীর কলেজ ছাত্রলীগ কর্মী সাইফুলকে (২৪) বক্ষ্যাদি হাসপাতালে নেয়ার পর সিদ্ধার্থ সরকার (২য় পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

বাড্ডায় ছাত্রলীগ

(১ম পৃঃ পর)

শায়া যায়। ছাত্রলীগের মহানগর নেতা মোতাক, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক অলক বণিক জানান, শান্তিপূর্ণভাবে তাদের উক্ত কর্মী সম্মেলন শেষ হয়। বাসায় ফেরার পথে ছাত্রদের কাডাররা তাদের কর্মীদের উপর ওপীর্ষণ করলে সিদ্ধার্থ সরকার নিহত ও ৬ জন শুলীবিক্ষ হয়। পুলিশ জানায়, সম্মেলন শেষে ছাত্রলীগের কর্মীদের কমিটি গঠন নিয়ে বিরোধ হয়। এর জের হিসেবে একদল কর্মী অপর কর্মীদের উপর ওপীর্ষণ করলে ছাত্রলীগ নেতা নিহত ও ৬ জন আহত হয়। ছাত্রলীগ নেতা নিহত হওয়ার সংবাদ মহানগরীতে ছড়িয়ে পড়লে ছাত্রলীগ, আওয়ামী লীগ ও যুবলীগ কর্মীদের মধ্যে ফোড়ের সৃষ্টি হয়।